

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪ ১৮৭

জন্মপুর্তিজলা, ১৩ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
জন্মপুর্তিজলা ইলাকে বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি জন্মপুর্তিজলা ইলাকে রামদয়াল উচ্চ বিদ্যালয়ে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। ইলাকের কিলাবার্মা ভিলেজ, তুইসিকামুক ভিলেজ ও সাংকুমা ভিলেজকে নিয়ে এই শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মৎস্যদণ্ড থেকে ১২ জন মৎস্যচাষীকে মাছের ঔষধ দেওয়া হয়। বন্দপুর থেকে ১০০ জনকে অর্থকরি ও ঔষধি গাছের চারা দেওয়া হয়। শিবিরে জন্মপুর্তিজলা মহকুমা প্রশাসন থেকে ২৩টি পিআরটিসি, ১১টি এসটি ও ১টি ইনকাম সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়া ১৪ জনের আধার কার্ড আপডেট করা হয়েছে। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে ৯ জন কৃষককে পিএম-কিষাণ যোজনার আওতায় নথিভুক্ত করা হয়। তাছাড়া ৬ জন কৃষকের কাছ থেকে কেসিসি লোনের আবেদনপত্র গ্রহণ করা হয়। লাটিয়াছড়াস্থিত কৃষি বিজ্ঞান কেন্দ্র থেকে ৭ জন কৃষককে উন্নত জাতের পেঁপের চারা দেওয়া হয়েছে। শিবিরে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর থেকে ৫ জন গর্ভবতী মহিলাকে পোষণ কিট দেওয়া হয়। শিবিরে উপস্থিত ছিলেন জন্মপুর্তিজলা ইলাকের বিডিও কমল দেববর্মা ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।
